# Forbon [ Calcium BP ]

Calcium Supplement

SMC

## Composition

Forbon tablet: Each film coated tablet contains Calcium Carbonate BP 1250 mg equivalent to 500 mg of elemental Calcium.

## Pharmacology

Calcium is an essential element and plays vital role in the body. It makes body's framework stronger by building bones. Clinical evidence suggests that calcium is useful for prevention and treatment of osteoporosis and associated fractures.

## Indication

- Treatment of osteoporosis, rickets, osteomalacia, tetany and hypoparathyroidism
- In pregnancy and lactation due to increased demand
- In kidney disease and pancreatitis
- During therapy with antiseizure medications
- The prevention and treatment of Calcium deficiency

## Dosage & administration

Usual adult dose: 1 tablet in the morning and 1 tablet at night.

## Contra-indication

- Hypercalcemia and hypercalciuria
- Metastatic calcification
- Hypersensitivity to any of the components of this preparation

## Warning & precaution

Caution should be taken in patients with renal impairment, sarcoidosis, hypercalcemia and hypercalciuria.

## Side effects

Side effects of Calcium may include an irregular heartbeat, nausea, dry mouth, constipation, weakness, headache, a metallic taste in mouth, muscle or bone pain and drowsiness.

## Use in pregnancy & lactation

It should be used as directed by the physician during Pregnancy and Lactation.

## Use in children & adolescents

Use of Calcium Carbonate in children and infants is safe and effective.

## Drug interaction

- Calcium salts reduce absorption of bisphosphonates, ciprofloxacin, fluorides, iron, levothyroxine, tetracycline and zinc
- Absorption of calcium salts is reduced by corticosteroids
- Increased risk of hypercalcemia when Calcium given with thiazides and related diuretics

## Overdose

At high doses it may result in nausea, vomiting, dizziness, anorexia, abdominal cramps, headache, constipation, irritability etc. Treatment includes cessation of therapy and adequate rehydration.

## Storage

Keep out of the reach of children. **Keep below 30$^0$C, protect from light.**

## Packing

Forbon tablet: Each box contains 5x10's tablet in blister pack.

SMC

Manufactured for
**SMC ENTERPRISE LTD**, Zamirdia, Bhaluka, Mymensingh
by **Julphar Bangladesh Ltd.**, Faridpur, Sreepur, Gazipur

PM110023 V-02

# ফরবোন [ ক্যালসিয়াম বিপি ]

SMC

## ক্যালসিয়াম সম্পূরক

### উপাদান
ফরবোন ট্যাবলেট: প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে ক্যালসিয়াম কার্বোনেট বিপি ১২৫০ মি. গ্রা. যা ৫০০ মি. গ্রা. মৌলিক ক্যালসিয়াম এর সমতুল্য।

### ফার্মাকোলজি
ক্যালসিয়াম একটি প্রয়োজনীয় উপাদান যা শরীর গঠনে অপরিহার্য ভূমিকা রাখে। এটি হাঁড় গঠনের মাধ্যমে শরীরের কাঠামো মজবুত রাখে। ক্লিনিক্যাল পরীক্ষায় দেখা যায় অস্টিওপোরোসিস এবং সংশ্লিষ্ট অস্থিজনিত চিড় প্রতিরোধ ও চিকিৎসায় ক্যালসিয়াম উপকারী।

### নির্দেশনা
- অস্টিওপোরোসিস, রিকেট্স, অস্টিওম্যালেসিয়া, টিটেনি এবং হাইপোপ্যারাথাইরয়েডিজম এর চিকিৎসায়
- গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে চাহিদা বৃদ্ধির কারণে
- বৃক্কীয় রোগসমূহ ও অগ্ন্যাশয় প্রদাহে
- খিঁচুনী রোধী ওষুধ গ্রহণকালে
- ক্যালসিয়াম এর অভাব প্রতিরোধ বা চিকিৎসায়

### মাত্রা ও সেবনবিধি
প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে স্বাভাবিক মাত্রা: ১ টি ট্যাবলেট সকালে এবং ১ টি ট্যাবলেট রাতে।

### প্রতিনির্দেশনা
- হাইপারক্যালসেমিয়া এবং হাইপারক্যালসিইউরিয়া
- মেটাস্ট্যাটিক ক্যালসিফিকেশন
- ক্যালসিয়াম এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা

### সতর্কতা
যে সমস্ত রোগীর বৃক্কের অকার্যকারিতা, সারকোয়ডোসিস, হাইপারক্যালসেমিয়া এবং হাইপারক্যালসিইউরিয়া সমস্যা রয়েছে তাদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

### পার্শ্ব প্রতিক্রিয়া
ক্যালসিয়াম এর পার্শ্ব প্রতিক্রিয়া সমূহ হল-অনিয়মিত হৃদস্পন্দন, বমি বমি ভাব, মুখের শুষ্কতা, কোষ্ঠকাঠিণ্য, দুর্বলতা, মাথাব্যথা, মুখে ধাতব স্বাদ, মাংসপেশী ও হাঁড়ে ব্যথা এবং ঝিঁমুনি।

### গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার
গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারের ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

### শিশুদের ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার
শিশু এবং কিশোর-কিশোরীদের ক্ষেত্রে ক্যালসিয়াম কার্বোনেট ব্যবহার নিরাপদ এবং কার্যকর।

### অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া
- বিসফসফোনেটস, সিপ্রোফ্লক্সাসিন, ফ্লোরাইডস, আয়রন, লেভোথাইরক্সিন, টেট্রাসাইক্লিন এবং জিংক এর শোষণ ক্যালসিয়াম লবনের কারণে কমে যেতে পারে
- ক্যালসিয়াম লবনের শোষণ করটিকোস্টেরয়েডের কারণে কমে যেতে পারে
- থায়াজাইড ও সংশিষ্ট মূত্রবর্ধক এর সাথে ক্যালসিয়াম দিলে হাইপারক্যালসেমিয়ার ঝুঁকি বেড়ে যেতে পারে

### অতিমাত্রা
অতিরিক্তি মাত্রায় সেবনে বমি বমি ভাব, বমি, ঝিমুনি, ক্ষুদামন্দা, পেট কামড়ানো, মাথা ব্যথা, কোষ্ঠকাঠিন্য বা অস্বস্তিভাব হতে পারে। চিকিৎসা হিসেবে সেবন বন্ধ এবং অতিমাত্রায় তরল গ্রহণ করতে হবে।

### সংরক্ষণ
শিশুদের নাগালের বাইরে রাখুন। **আলো থেকে দূরে, ৩০°সে. তাপমাত্রার নিচে রাখুন।**

### সরবরাহ
ফরবোন ট্যাবলেট: প্রতি বাক্সে আছে ৫X১০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে।

SMC

**এসএমসি এন্টারপ্রাইজ লি:**, জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ এর জন্য **জুলফার বাংলাদেশ লি:**, ফরিদপুর, শ্রীপুর, গাজীপুর কর্তৃক প্রস্তুত।